যুগান্তর

৭/১০/২০০৫

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৩

# রাবি সিন্ডিকেট সভা ফের স্থগিত
# ছাত্রদলের আলটিমেটাম

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকদের চাপের মুখে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের গতকালের সভা স্থগিত করা হয়েছে। এদিকে ছাত্রদল উপাচার্য, উপ-উপাচার্য, প্রক্টর ও ছাত্র উপদেষ্টার পদত্যাগের দাবিতে ১০ দিনের আলটিমেটাম দিয়েছে।

সংশ্লিষ্ট সূত্র মতে, সিন্ডিকেটের ২২ সেপ্টেম্বর স্থগিত সভা গতকাল শনিবার বিকালে শুরু হওয়ার কথা ছিল। সভায় আলোচ্যসূচি ছিল সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত শিবিরের ১৫ নেতাকর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত। এছাড়া দীর্ঘদিন ধরে এডহক ভিত্তিতে কর্মরত ৩১ জন কর্মচারীর চাকরি স্থায়ীকরণের বিষয়ও এজেন্ডায় অন্তর্ভুক্ত ছিল। কিন্তু সিন্ডিকেটের সভা না হওয়ায় শিক্ষা ও উচ্চতর ডিগ্রি সংক্রান্ত গুরুত্বপূর্ণ অনেক সিদ্ধান্ত বাস্তবায়ন করা যাচ্ছে না।

বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকরা বলেছেন, উপাচার্যকে কোন চাপ দেয়া হয়নি। তাকে 'রুটিন ওয়ার্ক' ছাড়া অন্য কোন কাজ না করতে অনুরোধ করা হয়েছে। উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য আওয়ামী লীগ ও বামপন্থী শিক্ষকরা বিকালে বৈঠকে বসেন।

এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা উপাচার্যসহ প্রশাসনিক সব গুরুত্বপূর্ণ ব্যক্তির পদত্যাগের দাবিতে ১০ দিনের আলটিমেটাম দিয়েছে। ১০ দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিরা পদত্যাগ না করলে ১৬ অক্টোবর থেকে লাগাতার কর্মসূচি দিয়ে ক্যাম্পাস অচল করে দেয়া হবে বলে হুমকি দেয়া হয়েছে। শনিবার সকালে ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে সমাবেশে এই ঘোষণা দেয়। ছাত্রদল প্রশাসন ভবনের মূল গেট বন্ধ করে সমাবেশ করে। এ সময় (বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত) প্রশাসনিক ভবনের ভেতর কর্মকর্তা-কর্মচারীরা অবরুদ্ধ হয়ে পড়েন।